

## আজ পহেলা বৈশাখ কাইটম পারভেজ



যত বেদনা যত যন্ত্রণা  
অ্যাচিত যত আছে ব্যঙ্গনা  
পেছনেতে পড়ে থাক -  
আজ তো পহেলা বৈশাখ ।

যত অপমান যত অভিমান  
না পাওয়ার যত, ব্যথা ভরা গান  
অবজ্ঞাতে সরে থাক -  
আজ তো পহেলা বৈশাখ ।

সমুখের পানে ছুটে ছুটে চলা  
না বলা কথা মন খুলে বলা  
সময় এলো তবে - যাক  
আজ তো পহেলা বৈশাখ ।

মাঁর কথা ভাবি  
বুকে বাবার ছবি  
প্রিয়জন স্মৃতি আজ, সঙ্গেতে থাক  
আজ তো পহেলা বৈশাখ ।

মঙ্গল শোভাযাত্রায়  
আনন্দ মিহিল রাস্তায়  
রঙ্গীন বসনে রঙ্গীন মনটা ছুঁয়ে থাক  
আজ তো পহেলা বৈশাখ ।

বাঙালি জাতি বাঙালি উৎসব  
বাঙালিকে দেশ দিলেন বিলিয়ে সব  
আনন্দের মাঝে তাঁর কথাটিও থাক  
আজ তো পহেলা বৈশাখ ।

অর্বাচীনেরা কোথায় কী বলে  
উটপাখি নিজ পরিচয় ভোলে  
ওদের প্রলাপ গোয়েবেলস্ ব্যাগে থাক  
আজ তো পহেলা বৈশাখ ।

মেলা পার্বনের বাঙালি আমি  
আপনি তুই তোমরা তুমি  
হাসবো সবাই, দুঃখ সুদূরে থাক  
আজ তো পহেলা বৈশাখ ।  
আজ পহেলা বৈশাখ ।

